



সংবাদপত্রের নাম: : দৈনিক স্বদেশ সংবাদ  
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ  
তারিখ : : ১০.০৭.২০২৩ খ্রি.

সংবাদ : :  
সম্পাদকীয় : :  
প্রবন্ধ/চিত্রপত্র : :

## ভাটিকাশর-বলাশপুরের পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়নে মসিক মেয়রের পরিদর্শন ও মতবিনিময়

স্টাফ রিপোর্টার : ভাটিকাশর ও বলাশপুর এলাকার পানি নিষ্কাশন সমস্যার স্থায়ী সমাধানে গতকাল রবিবার (০৯ জুলাই) সকালে এলাকাসমূহ পরিদর্শন এবং স্থানীয় গণমাণ্য ব্যক্তিবর্গ ও এলাকাসবাসীর সাথে মতবিনিময় করেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র মোঃ ইকরামুল হক টিটু।

এছাড়াও তিনি সাম্প্রতিক সময়ে বৃষ্টিতে এসব এলাকার যেসব স্থানে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছিলো সেসব এলাকা পরিদর্শন করেন। জলাবদ্ধতার আপাতত সমাধান হওয়ায় এলাকাসবাসী সিটি মেয়রকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

এসময় মসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলী, প্যানেল মেয়র-৩ সামীমা আক্তার, কাউন্সিলর আব্বাস মন্ডল, নির্বাহী প্রকৌশলী মোঃ আজহারুল হক সহ স্থানীয় গণমাণ্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। পরে মেয়র বলাশপুর বড়বাড়ি, বলাশপুর নয়াপাড়া,



গতকাল রবিবার সকালে নগরীর জলাবদ্ধতা এলাকা পরিদর্শন করেন সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র মোঃ ইকরামুল হক টিটু।

আলিয়া মাদ্রাসা রোড, বলাশপুর এলাকা হওয়ায় মেয়র বলাশপুরের নিষ্কাশন চ্যানেল সমূহ পরিদর্শন সমাধানে বিশেষজ্ঞ প্রকৌশলীর পরামর্শ গ্রহণের জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশ প্রদান করেন। এছাড়াও পরিদর্শনকালে সাবেক কাউন্সিলর মোঃ লিয়াকত হোসেন সহ স্থানীয় অন্যান্য গণমাণ্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

এলাকা হওয়ায় মেয়র বলাশপুরের জলাবদ্ধতা নিরসনের স্থায়ী সমাধানে বিশেষজ্ঞ প্রকৌশলীর পরামর্শ গ্রহণের জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশ প্রদান করেন। এছাড়াও পরিদর্শনকালে সাবেক কাউন্সিলর মোঃ লিয়াকত হোসেন সহ স্থানীয় অন্যান্য গণমাণ্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সংবাদপত্রের নাম: : দৈনিক স্বদেশ সংবাদ  
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ  
তারিখ : : ১০.০৭.২০২৩ খ্রি.

সংবাদ : :  
সম্পাদকীয় : :  
প্রবন্ধ/চিত্রপত্র : :

## ধোবাউড়ায় দুধনই কলসিন্দুর পাকা সড়ক যেন মরন ফাঁদ : চরম দুর্ভোগে মানুষ



আবুল হাশেম : ময়মনসিংহের ধোবাউড়ায় দুধনই - কলসিন্দুর সড়ক যেন মরন ফাঁদ। গর্ত খানাখন্দে পাকা রাস্তাটি বেহাল হয়ে পড়েছে। এতে চরম দুর্ভোগে পড়েছেন সাধারণ মানুষ। চার কিলোমিটার সড়কের বিভিন্ন অংশে দেখা দিয়ে বড় বড় গর্ত আর খানাখন্দ। ছোট বড় গাড়ি চলাজলে ব্যাপক সমস্যার সৃষ্টি হচ্ছে। ঘটছে ছোট বড় দুর্ঘটনা। রাস্তার ভাঙ্গা

অংশে প্রতিনিয়তই গাড়ি উল্টে যাচ্ছে। পড়ে গিয়ে আহত হচ্ছেন যাত্রীরা। কাশিনাথপুর গ্রামের এক পথচারী নাজমুল ইসলাম জানান, এই সড়কটি অনেকদিন ধরে খারাপ হয়ে আছে। কেউ দেখেনা। অটো ড্রাইভার মজিবর বলেন, প্রতিদিন আমাদের গাড়ি উল্টে পড়ে যায়, এই রাস্তাটি সংস্কার করা খুব জরুরী। উপজেলা প্রকৌশল অফিস সূত্রে জানা যায়, সর্বশেষ ২০১৮-১৯ অর্থবছরে রাস্তাটি সংস্কার করা হয়। সংস্কারের এক বছর পর থেকেই বিভিন্ন স্থানে গর্ত খানাখন্দ সৃষ্টি হয়। বর্ষাকালে এই পাকা সড়কটি যেন মরন ফাঁদে পরিণত হয়। এ ব্যাপারে উপজেলা প্রকৌশলী আবু

বকর সিদ্দিক জানান, রাস্তাটি মেইনটেনেন্স স্কিমে দেওয়া হয়েছে। এ বছরের মধ্যে সংস্কার করা যাবে।